গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-৩ শাখা
www.moha.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০০৯.২৬-৫৫

তারিখ: ০৮ কার্তিক ১৪৩৩ / ২৪ অক্টোবর ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আব্দুল্ল্যাহেল আল-আমিন, ডেপুটি জেলার, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ (সাবেক জেলার, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় (মামলা নং-০৭/২৫) তাঁকে একই বিধিমালার ৪(৩)(ক) বিধি মোতাবেক তাঁকে '০২ (দুই) বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ' সূচক গুরুদণ্ড প্রদান করা হয়। তিনি আরোপিত দণ্ডাদেশ মওকুফের নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর আপিল করেন; এবং

০২। যেহেতু, আপিল আবেদনের পরিপ্রেক্ষিতে রাষ্ট্রপক্ষের দফাওয়ারি জবাব এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি পর্যালোচনায় আরোপিত দণ্ড যথার্থ ও ন্যায়ানুগ হয়েছে বিধায় প্রধানমন্ত্রী তাঁর আপিল আবেদন না-মঞ্জুর করে আরোপিত দণ্ড বহাল রাখেন;

০৩। সেহেতু, জনাব মোঃ আব্দুল্ল্যাহেল আল-আমিন, ডেপুটি জেলার-এর আপিল আবেদন না-মঞ্জুরপূর্বক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের শৃঙ্খলা-৩ শাখার ১২.০৪.২০২৬ তারিখের ৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০০৫.২৫-২০ নং প্রজ্ঞাপনমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ক) বিধি মোতাবেক তাঁর উপর আরোপিত **'০২ বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ'** সূচক গুরুদণ্ড বহাল রাখা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৪/১০/২৬

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

নম্বর- ৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০০৯.২৬-৫৫

তারিখ: ০৮ কার্তিক ১৪৩৩ / ২৪ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) অতিরিক্ত সচিব (কারা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশী বাজার, ঢাকা
৩) মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিবের সদয় অবগতির জন্য)
৫) উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭) জনাব মোঃ আব্দুল্ল্যাহেল আল-আমিন, ডেপুটি জেলার, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২
৮) অতিরিক্ত সচিব (শৃঙ্খলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯) যুগ্মসচিব (শৃঙ্খলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০) অফিস/মাস্টার কপি।

২৪-১০-২০২৬

মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব